**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 SEPTEMBER 2024** **7:35 AM IST**

==================================================================

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে পি নাড্ডা এন ডি এ সরকার দক্ষতা দায়িত্ব ও জনসাধারণের মধ্যে সুবিধাগুলি পৌছে দেওয়ার ওপর গুরুত্ব আরোপ করছে বলে মন্তব্য করেছেন ।নতুনদিল্লীতে গতকাল তার মন্ত্রকের পদক্ষেপ এবং সফলতার বিষয়ে জানাতে গিয়ে তিনি একথা জানিয়ে বলেন যে সরকার আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার বিষয়ে উল্লেখযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করে এর অধীনে আর্থ সামাজিক মর্যাদার উর্দ্ধে গিয়ে ৭০ বা এর বেশী বয়সের নাগরিকদের সুবিধা প্রদান করা হবে । তিনি বলেন ৬ লক্ষ প্রবীন নাগরিকদের উপকৃত করার লক্ষে ৫ লক্ষ টাকা করে বিনামূল্যে স্বাস্থ্য বীমা প্রদানের লক্ষ্যমাত্রা নিয়ে এই সম্প্রসারিত এই প্রকল্প আগামীমাস থেকে রুপায়ন করা হবে বলে জানিয়েছেন । তিনি জাতীয় টীকাকরণ অভিযানের কথা উল্লেখ করে প্র তিষেধক সেবা প্রদানের ডিজিটেলাইজড পোট্রেল ইউ উইন পোর্টেল গর্ভবতী মহিলাদের টীকা প্রদানের রেকর্ড রাখা সহ শূন্য থেকে ১৭ বছর পর্যন্ত কিশোর কিশোরীদের টীকা প্রদানের সম্পূর্ন রেকর্ড এই পোর্টেলে থাকবে বলে জানান ।তিনি জানান জাতীয় টি বি নির্মূল অভিযানের অধীনে ৯ থেকে ১২ মাসের চিকিৎসার পরিবর্তে ৬ মাসে সম্পূর্ন টিবি নিমূল কার্যকর পরিষেবা প্রদান করা হবে ।

---

কেন্দ্রে নরেন্দ্র মোদী সরকারের একশ দিন সম্পূর্ন হোয়ার সংগে সংগতি রেখে দেশের মধ্যবিত্ত শ্রেনীর সবলীকরণের ক্ষেত্রে সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে ।প্রধানমন্ত্রী এই প্রসংগে বলেন যে আধুনিক পরিকাঠামো গড়ে তোলার সংগে সংগে দেশে নিয়োগের সুবিধা বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর সবলীকরণ সম্ভব হয়েছে ।সরকর ২৮ হাজারের ও বেশী টাকা বিনিয়োগ করে দেশে ১২ টি ঔদ্যেগিক ব্যবস্থা স্থাপনের মাধ্যমে বিশ্বমানের উৎপাদন কেন্দ্র গড়ে তুলেছে । যোগাযোগ

ব্যবস্থা উন্নত করার ক্ষেত্রে পুণে , থানে ও ব্যাংগালুরুতে মোট ৩০  হাজার ৭০০ কোটি টাকা ব্যয়সাপরক্ষে মেট্রো প্রকল্প গ্রহণ করা  হয়েছে । সুবিধাজনক ভ্রমণের জন্য দিল্লীর আই জি আই বিমানবন্দরে ফাষ্ট ট্রেক ইমিগ্রেশন ট্রাষ্টেড ট্রেভেলার প্রোগ্রাম আরম্ভ করা হয়েছে । সরকারী পরীক্ষা আইন প্রবর্তন করে স্বচ্ছ নিযূক্তির ব্যবস্থা করা হয়েছে । করদাতাদের উপকৃত করার জন্য ৭ লক্ষ টাকা পর্যন্ত আয় কর মুক্ত করার ব্যবস্থা করা হয়েছে ।আয়কর আইনটি সরল করার জন্য ও পর্যালোচনা আরম্ভ হয়েছে ।  পেনসন প্রকল্পের অধীনে ২৩ লক্ষ কেন্দ্রীয় সরকারের কর্মচারীকে ৫০ শতাংশ পেনসনের নিশ্চয়তা প্রদান করা হয়েছে । ও অবসরপ্রাপ্ত প্রতিরক্ষা কর্মী তথা তাদের পরিবারের জন্য এক পদবী এক পেনসন প্রকল্পের সংশোধন করা হয়েছে  ।বাইরের রাষ্ট্রের প্রতিষ্ঠানের নির্ভরতা হ্রাস করা সহ স্বাস্থ্য সেবার পরিকাঠামো শক্তিশালী করার জন্য ৭৫ হাজার নতুন চিকিৎসা বিজ্ঞানের আসন সংযোজন করা হয়েছে মুদ্রা ঋণের সীমা ১০ লক্ষ থেকে ২০ লক্ষে বৃদ্ধি করে শিল্পায়ন ত্বরান্বিত করা হয়েছে । সোণা ও রুপোর ওপর সীমাশুল্ক ৬ শতাংশ ও প্লেটিনামের ওপর ৬ দশমিক ৪ শতাংশ হ্রাস করার ফলে মধ্যবিত্ত শ্রেণীর কিছুটা রেহাই পাওয়া পরিলক্ষিত হচ্ছে ।পরিবেশ অনুকূল পরিবহন ব্যবস্তা সুনিশ্চিত করার জন্য ৩ হাজার ৪ শ কোটি টাকার পি এম ই বাস সেবা ক্রয় করা হয়েছে ।প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে শহরাঞ্চলে এক কোটি গৃহ নির্মাণ করা হয়েছে । এছাড়া পি এম সূর্যঘর বিনামূল্যে বিদ্যুৎ যোজনার অধীনে সাড়ে ৩ লক্ষ বাসগৃহে সৌর ব্যবস্থা স্থাপনের ফলে মধ্যবিত্ত শ্রেণীর সঞ্চয় বৃদ্ধি হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বিচারাধীন মামলাগুলো ন্যায় প্রদান ব্যবস্থায় বাধা সৃষ্টি করে বলে মন্তব্য করেছেন ।তিনি বলেন যে এই মামলাগুলোর জন্য ন্যায় প্রদানে বিলম্ব হয় ।রাজ্যে বিভিন্ন পর্যায়ে সাড়ে চার লক্ষেরও বেশী মামলা বিচারাধীন রয়েছে বলে উল্লেখ করে এর পরিপ্রক্ষিতে কম গুরুত্বপূর্ণ মামলা সমুহ প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান ।মুখ্যমন্ত্রী বলেন যে এর মাধ্যমে অধিক গুরুত্বপূর্ণ মামলা সমুহের দ্রুত বিচার সম্ভব হবে ।

---

কেন্দ্রীয় ডোনার প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার **গতকাল** গুয়াহাটীতে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করেন ।মন্ত্রী শ্রী মজুমদার গুয়াহাটীর ভেষজ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান , নাইপারে সেন্ট্রেল এনিমেল ফেসিলিটি ও ইনভিট্রো ড্রাগ টেষ্টিং ফেসিলিটি উদ্বোধন করেন ।মন্ত্রী গুয়াহাটীর ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান ( আই আই টি) তে কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।বিকেলে তিনি গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের ব্রহ্মপুত্র অধ্যয়ন কেন্দ্রের একটি ভবন উদ্বোধন করেন ।

---

কেন্দ্রীয় ডোনার প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার গতকাল গুয়াহাটীতে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করেন ।মন্ত্রী শ্রী মজুমদার গুয়াহাটীর ভেষজ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান , নাইপারে সেন্ট্রেল এনিমেল ফেসিলিটি ও ইনভিট্রো ড্রাগ টেষ্টিং ফেসিলিটি উদ্বোধন করেন ।মন্ত্রী গুয়াহাটীর ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান ( আই আই টি) তে কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।বিকেলে তিনি গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের ব্রহ্মপুত্র অধ্যয়ন কেন্দ্রের একটি ভবন উদ্বোধন করেন ।

---

কাছাড় জেলায় বর্তমানে বর্ধিত তাপমাত্রা তথা উৎকট গরমের প্রতি লক্ষ্য রেখে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট  মৃদুল যাদব ছাত্র ছাত্রীদের এই গরমের প্রকোপ থেকে রক্ষা করতে বিদ্যালয়গুলির প্রতি কিছু নির্দেশনা জারি করেছেন । এর অধীনে সব রাজ্য , কেন্দ্রীয়  বিদ্যালয় ও বেসরকারী বিদ্যালয়গুলির পাঠদান আগামীকাল অর্থাৎ ২১ সে সেপ্টেম্বর থেকে বিদ্যালয়গুলি সকাল সাড়ে সাতটায় শুরু হবে এবং ছুটি সাড়ে ১২ টায় দিতে বলা হয়েছে । এছাড়া সব শিক্ষাপ্রতিষ্ঠানে সকালের প্রার্থনা নিজ নিজ শ্রেণী কক্ষে করতে বলা হয়েছে । বিদ্যালয় প্রাংগনে বিশুদ্ধ পানীয় জলের সুব্যবস্থা রাখা সহ ছাত্র ছাত্রীদের গরম থেকে রেহাই দিতে কোট ও টাই পরা থেকে বিরত থাকতে বলা হয়েছে ।এছাড়া বিদ্যালয়ের শ্রেণীকক্ষে উপযুক্ত ফেন থাকা এবং তা কার্যকরের দিকে দৃষ্টি রাখতে বলে হয়েছে ।এছাড়া বিদ্যুৎ সংযোগ বিঘ্নিত হলে বিকল্প ব্যবস্থা রাখতে বলা হয়েছে ।ছাত্র ছাত্রীদের স্বাস্থ্য তথা তাদের সার্বিক কল্যাণের প্রতি লক্ষ্য রেখে জেলা ম্যাজিষ্ট্রেট পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই ব্যবস্থা কার্যকর রাখতে বলেছেন ।বিদ্যালয় কতৃপক্ষকে এস্ংক্রান্ত কোনো বিষয় জানতে চাইলে জেলা প্রশাসনের কার্যালয়ের সংগে যোগাযোগ করতে বলা হয়েছে ।

এদিকে, হাইলাকান্দির জেলা ম্যাজিস্ট্রেট এক বিজ্ঞপ্তির মাধ্যমে চলমান প্রচন্ড তাপ প্রবাহের ফলে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলির ক্লাসের সময় সীমা এগিয়ে এনেছেন। শুক্রবার রাতে জারি করা এক আদেশে জানানো হয়েছে যে জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান সকাল সাড়ে ৭টা থেকে শুরু হবে। এলপি স্কুলের ক্ষেত্রে ক্লাস চলবে বেলা ১২ টা ১৫ মিনিট পর্যন্ত। আপার প্রাইমারির ক্ষেত্রে ১২ টা ৪৫ মিনিট এবং হাই স্কুলের ক্ষেত্রে ক্লাস চলবে ১টা ১৫ মিনিট পর্যন্ত। সরকারি এবং বেসরকারি অর্থাৎ প্রাইভেট স্কুলের ক্ষেত্রেও এই আদেশ প্রযোজ্য হবে।

---